www.printo.it/pediatric-rheumatology/BD/intro

# ড্রাগ থেরোপি

বিবরণ 2016

## মাইকো ফেনোলেট মাফটেলি

### বর্ণনা

কছিু রিউমাটকি রোগের ক্ষেত্রে ইমিউন সিস্টেম বেশী সক্রিয় হয়ে যায়। মাইকো ফেনোলেট মাফটেলি বি এবং টি লিস্ফো সাইট এর বৃদ্ধিকে রহিত করে। এর ফলে ইমিউন সক্রিয় কোষ তৈরী হতে পারে। এই ঔষধ এর কার্যকারিতা এই কারনেই পাওয়া যায় এবং কয়েক সপ্তাহ সময় লাগে।

### মাত্রা/ প্রয়োগের ধরন

এই ঔষধ বড়ি অথবা সাসপেনশন তৈরীর পাউডার হিসেবে পাওয়া যায়। ১-৩ গ্রাম/প্রতিদিন মাইকো ফেনোলেট মাকটেলি খাবারের সাথে খাওয়া যাবে না কেননা এটা ঔষধ শোষনকে ব্যাহত করে। ঔষধ খেতে ভুলে পরবর্তী ডোজ এর সময় দ্বিগুন ডোজ খাওয়া যাবে না। ঔষধটি ভালভাবে সংরক্ষন করতে হবে। শরীরে ঔষধ এর মাত্রা নিরুপন করার জন্য একই দিনে বিভিন্ন রক্তের নমূনা পরীক্ষা করতে হবে। যা প্রত্যেকে রোগীর ক্ষেত্রে ঔষধ এর মাত্রা ঠিক করতে সাহায্য করবে।

### পার্শ্বপ্রতিক্রিয়া

১০-৩০ ভাগ রোগীর ক্ষেত্রে খাদ্যনালী সংক্রান্ত পার্শ্ব প্রতিক্রিয়া যেমন-ডায়ারিয়া/উদরাময়, বমি বমি ভাব, বমি হওয়া অথবা কোষ্ঠকাঠিন্য হতে পারে। যদি পার্শ্ব প্রতিক্রিয়া রয়ে যায় তাহলে অল্প মাত্রার ঔষধ অথবা একই রকম অন্য একটি ঔষধ দেয়া যেতে পারে। এই ঔষধে শ্বেত অথবা অনচক্রিকা কমে যেতে পারে, তাই প্রতি মাসে রক্ত পরীক্ষা করতে হবে। শ্বেতকনিকা বা অনুচক্রিকা কমে গেলে ঔষধ বন্ধ করতে হবে।
এই ঔষধে শরীরে সংক্রমন হতে পারে। এই ঔষধ শরীরের রোগ প্রতিরোগ ক্ষমতা বসিয়ে দেয় এজন্য লাইভ ভ্যাকসিন এ বিষয় প্রতিক্রিয়া হতে পারে। এজন্যে লাইভ ভ্যাকসিন যেমন-মিসিলস নেয়া যাবে না। টীকা নেওয়ার পূর্বে অথবা বিদেশে ভ্রমনের পূর্বে চিকিৎসকের পরামর্শ নিন। এই ঔষধ চলাকালীন সময়ে গর্ভধারন করা যাবে না।
নিয়মিত শারীরিক নিরীক্ষা এবং রক্ত ও প্রস্রাব পরীক্ষা করা দরকার যেন পার্শ্ব প্রতিক্রিয়া নিরূপন করা যায়।

### প্রধান রিউমাটিক রোগসমূহ

জুভনোইল সসিটমেকি লুপাস ইরাই থমেটেে াসাস